

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৬৮]

২২/ হাজ (হজ/হজ) (کتاب الحج)

পরিচ্ছেদঃ ৯৯৪. তামাতু, কিরান ও ইফরাদ হজ্জ করা এবং যার সাথে কুরবানীর পশু নেই তার জন্য হজ্জের ইহরাম ছেড়ে দেওয়া।

باب التَّمَتُّعِ وَالإِقْرَانِ وَالإِفْرَادِ بِالْحَجِّ وَفَسْخِ الْحَجِّ لِمَنْ لَمْ يَكُنْ مَعَهُ هَدى

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا أَبُو شِهَاب، قَالَ قَدِمْتُ مُتَمَتِّعًا مَكَّةً بِعُمْرَةٍ فَدَخَلْتُ عَلَى عَطَاءٍ بِثَلاَثَةِ أَيَّامٍ، فَقَالَ لِي أَنَاسٌ مِنْ أَهْلِ مَكَّة تَصِيرُ الآنَ حَجَّتُكَ مَكِيَّةً. فَدَخَلْتُ عَلَى عَطَاءٍ أَسْتَفْتِيهِ فَقَالَ حَدَّثَنِي جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ - رضى الله عنهما - أَنَّهُ حَجَّ مَعَ النَّبِيِ صلى الله عليه وسلم يَوْمَ سَاقَ الْبُدْنَ مَعَهُ، وَقَدْ أَهَلُوا بِالْحَجِّ مُفْرَدًا، فَقَالَ لَهُمْ " أَحِلُوا مِنْ عليه وسلم يَوْمَ سَاقَ الْبُدْنَ مَعَهُ، وَقَدْ أَهَلُوا بِالْحَجِّ مُفْرَدًا، فَقَالُ لَهُمْ " أَحِلُوا مِنْ إِحْرَامِكُمْ بِطَوَافِ الْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ، وَقَصِرُوا ثُمَّ أَقِيمُوا حَلاَلاً، حَتَّى إِذَا كَانَ يَوْمُ التَّرْوِيَةِ فَأَهِلُوا بِالْحَجِّ، وَاجْعَلُوا الَّتِي قَدِمْتُمْ بِهَا مُتْعَةً ". فَقَالُوا كَيْفَ نَجْعَلُهَا مُتْعَةً يَوْمُ التَّرْوِيَةِ فَأَهِلُوا بِالْحَجِّ، وَاجْعَلُوا الَّتِي قَدِمْتُمْ بِهَا مُتْعَةً ". فَقَالُوا كَيْفَ نَجْعَلُهَا مُتْعَةً وَقَالُ الْمَرْتُكُمْ، فَلَوْلا أَنِي سُقْتُ الْهَدْى لَقَعَلُتُ مِثْلُ الَّذِي وَقَدْ سَمَيْنَا الْحَجَّ فَقَالَ " افْعَلُوا مَا أَمَرْتُكُمْ، فَلَوْلا أَنِي سُقْتُ الْهَدْى لَقَعَلُوا . وَلَكِنْ لاَ يَحِلُ مِنِي حَرَامٌ حَتَّى يَبْلُغَ الْهَدْىُ مَحِلَّهُ ". فَقَعَلُوا.

বাংলা

১৪৭৪। আবৃ নু'আইম (রহঃ) ... আবৃ শিহাব (রহঃ) থেকে বর্ণনা করে বলেন, আমি 'উমরার ইহ্রাম বেঁধে হাজে তামাতু'র নিয়াতে তারবিয়া দিবস (আট তারিখ) এর তিন দিন পূর্বে মক্কায় প্রবেশ করলাম, মক্কাবাসী কিছু লোক আমাকে বললেন, এখন তোমার হাজের (হজ্জ) কাজ মক্কা থেকে শুরু হবে। আমি বিষয়টি জানার জন্য 'আতা (রহঃ) এর নিকট উপস্থিত হলাম। তিনি বললেন, জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) আমাকে বলেছেন, যখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর উট সঙ্গে নিয়ে হাজে আসেন তখন তাঁর সঙ্গে ছিলেন। সাহাবীগণ ইফরাদ হাজ্জ (হজ্জ) এর নিয়াতে শুধু হাজের ইহরাম বাঁধেন। কিন্তু নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (মক্কায় পৌঁছে) তাদেরকে বললেনঃ বায়তুল্লাহর তাওয়াফ ও সাফা-মারওয়ার সা'য়ী সমাধা করে তোমরা ইহ্রাম ভঙ্গ করে হালাল হয়ে যাও এবং চুল ছোট কর। এরপর হালাল অবস্থায় থাক।



যখন যিলহাজ্জ মাসের আট তারিখ হবে তখন তোমরা হাজ্জ (হজ্জ) এর ইহ্রাম বেঁধে নিবে, আর যে ইহ্রাম বেঁধে এসেছ তা তামাতু' হাজ্জের 'উমরা বানিয়ে নিবে। সাহাবীগণ বললেন, এই ইহ্রামকে আমরা কিরূপে 'উমরার ইহ্রাম বানাব? আমরা হাজ্জ (হজ্জ) এর নাম নিয়ে ইহ্রাম বেঁধেছি। তখন তিনি বললেনঃ আমি তোমাদেরকে যা আদেশ করেছি তাই কর। কুরবানীর পশু সঙ্গে নিয়ে না আসলে তোমাদেরকে যা করতে বলছি, আমিও সেরূপ করতাম। কিন্তু কুরবানী করার পূর্বে (ইহ্রামের কারণে) নিষিদ্ধ কাজ (আমার জন্য) হালাল নয়। সাহাবীগণ সেরূপ পশু যবেহ করলেন।

আবূ আবদুল্লাহ (ইমাম বুখারী) (রহঃ) বলেন, আবূ শিহাব (রহঃ) থেকে মারফূ' বর্ণনা মাত্র এই একটিই পাওয়া যায়।

English

Narrated Abu Shihab:

I left for Mecca for Hajj-at-Tamattu` assuming Ihram for `Umra. I reached Mecca three days before the day of Tarwiya (8th Dhul-Hijja). Some people of Mecca said to me, "Your Hajj will be like the Hajj performed by the people of Mecca (i.e. you will lose the superiority of assuming Ihram from the Migat). So I went to `Ata' asking him his view about it. He said, "Jabir bin `Abdullah narrated to me, 'I performed Hajj with Allah's Messenger (ﷺ) on the day when he drove camels with him. The people had assumed Ihram for Hajj-al-Ifrad. The Prophet (ﷺ) ordered them to finish their Ihram after Tawaf round the Ka`ba, and between Safa and Marwa and to cut short their hair and then to stay there (in Mecca) as non-Muhrims till the day of Tarwiya (i.e. 8th of Dhul-Hijja) when they would assume Ihram for Hajj and they were ordered to make the Ihram with which they had come as for `Umra only. They asked, 'How can we make it `Umra (Tamattu`) as we have intended to perform Hajj?' The Prophet (ﷺ) said, 'Do what I have ordered you. Had I not brought the Hadi with me, I would have done the same, but I cannot finish my Ihram till the Hadi reaches its destination (i.e. is slaughtered).' So, they did (what he ordered them to do)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ শিহাব (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন